

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-১০৫৮

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৫
১২ ডিসেম্বর ২০১৮

বিজ্ঞপ্তি

মহান বিজয় দিবস উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখে ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ প্রসঙ্গে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্যানেল মেয়র মহান বিজয় দিবস উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখে ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।

২.০ পুষ্পস্তবক অর্পণ উপলক্ষ্যে ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলর, সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিক সংগঠনের সকল নেতা/কর্মীকে আগামী ১৬ ডিসেম্বর, ২০১৮ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব

ফোন-৮৮৩৪৯৩০
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং...../সংরক্ষিত আসন....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। তাঁর আওতাধীন সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল.....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। তাঁর অঞ্চলের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৪. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (২টি ফুলের তোড়া, একটি ব্যানার তৈরী ও নাস্তা সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. মহাব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (অঞ্চল ও প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ী সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রয়োজনীয় সংখ্যক ক্যাণ্ড ও টি শার্ট সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মিডিয়া কন্ট্রোল, ছবি তোলা ও রেকর্ডিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনুলিপি :

১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. অফিস কপি।